# ধান ফসলে মাজরা পোকার আক্রমণ ও প্রতিকার

বর্তমানে  বাংলাদেশের বিভিন্ন এলাকায় ধানের জমিতে মাজরা পোকার আক্রমণ লক্ষ্য করা যাচ্ছে। মাজরা পোকা শুধু কীড়া অবস্থায় গাছের ক্ষতি করতে পারে। ডিম থেকে সদ্য ফোটা কীড়াগুলো দু'চারদিন গাছের খোলপাতার মধ্যে খায়। তারপর খেতে খেতে গাছের কান্ডের মধ্যে চলে যায় এবং খাওয়ার এক পর্যায়ে গাছের মাঝখানের ডিগ কেটে ফেলে। ফলে ডিগ মারা যায়। গাছে শীষ বা ছড়া আসার আগে এরকম ক্ষতি হলে একে 'মরা ডিগ' বলে। 'মরা ডিগ' হলে সে গাছে আর ধানের শীষ বের হয় না। আর গাছে থোর হওয়ার পর বা শীষ আসার সময় যদি কীড়াগুলো ডিগ কেটে দেয় তাহলে শীষ মারা যায় একে 'মরা শীষ' বলে। এর ফলে শীষের ধান গুলো চিটা হয়ে যায় এবং শীষ সাদা হয়ে যায়।


চিত্র ১: কীড়া


চিত্র ২: পূর্ণবয়স্ক পোকা


চিত্র ৩: মরা ডিগ


চিত্র ৪: সাদা শীষ

**এই পোকার হাত থেকে ধান ফসল রক্ষার জন্য-**

১. মাজরা পোকার ডিমের গাদা সংগ্রহ করে নষ্ট করে ফেলুন।
২. ক্ষেতে ডাল-পালা পুঁতে দিয়ে পোকা খেকো পাখির সাহায্যে পোকার সংখ্যা কমানো যায়।
৩. সন্ধ্যার সময় আলোক ফাঁদের সাহায্যে মথ আকৃষ্ট করে মেরে ফেলুন।
৪. ক্ষেতে মরা ডিগ শতকরা ১০-১৫ ভাগ অথবা মরা শীষ শতকরা ৫ ভাগ পাওয়া গেলে নিম্নলিখিত তালিকার যেকোন একটি অনুমোদিত  কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করুন।

| **কীটনাশক** | | **প্রয়োগ মাত্রা/হেক্টর** |
|---|---|---|
| **জেনেরিক নাম** | **ব্র্যান্ড নাম** | |
| ছায়ানট্রানিলিপ্রোল+লুফেনিউরন | মাইনেকটো এক্সট্রা ৪০এসসি | ৫০ মিলি |
| টেট্রানিলিপ্রোল+ফিপ্রোনিল | ভায়েগো সুপার্রব ১জিআর | ১০ কেজি |
| টেট্রানিলিপ্রোল | ভায়েগো ২০এসসি | ২০০ মিলি |
| ফ্লুবেনডিয়ামাইড+থায়াক্লোপ্রিড | বেল্টএক্সপার্ট ৪৮এসসি | ২৫০ মিলি |
| কার্টাপ ৯২%+এসিটামিপ্রিড ৩% | বাতির ৯৫এসপি | ১৫০ গ্রাম |
| কার্টাপ | সানটাপ ৫০এসপি | ১.৪ কেজি |
| ফ্লুবেনডিয়ামাইড | বেল্ট ২৪ ডব্লিউজি | ২০০ গ্রাম |
| ক্লোরপাইরিফস | ডার্সবান  ২০ ইসি | ১.০ লিটার |
| কার্বোসালফান | মার্শাল  ২০ ইসি | ১.৫ লিটার |
| থায়ামেথোক্সাম+ক্লোরানট্রানিলিপ্রোল | ভির্তাকো ৪০ ডব্লিউজি | ৭৫ গ্রাম |


**কীটতত্ত্ব বিভাগ**

**বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর**


21.08.2023